সংবাদ

তারিখ ... 05 OCT 2007 ...
পৃষ্ঠা ৯ কলাম ৬ ......

# বাউবি এসএসসি পরীক্ষার ফল প্রকাশ

● পাসের হার ৩৮ দশমিক ২৭

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) অধীনে এসএসসি পরীক্ষা-২০০৬ এর ১ম বর্ষ ও ২য় বর্ষের চূড়ান্ত ফল গতকাল বৃহস্পতিবার প্রকাশ করা হয়েছে। এ বছর ১ম ও ২য় বর্ষে তালিকাভুক্ত মোট শিক্ষার্থীর সংখ্যা ছিল ১ লাখ ১২ হাজার ২৯৭ জন।

চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী ৪৪ হাজার ৯৩৬ জন শিক্ষার্থী থেকে মোট ১৬ হাজার ৩১ জন শিক্ষার্থী চূড়ান্তভাবে কৃতকার্য হয়। এর মধ্যে ৮৮ জন জিপিএ-৪, ৭০৪ জন জিপিএ-৩.৫, ৩৬১২ জন জিপিএ-৩, ১১ হাজার জিপিএ-২ এবং ৬২৭ জন শিক্ষার্থী জিপিএ-১ পেয়েছে। পাসের হার ৩৮ দশমিক ২৭।

উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ৮৯৬৬ জন পুরুষ এবং ৭০৬৫ মহিলা। পুরুষ ও মহিলা পরীক্ষার্থীদের পাসের হার যথাক্রমে ৩৭% ও ৪০.০১%। উল্লেখ্য এ বছর ১ম বর্ষের পরীক্ষায় মোট ৭০ হাজার ৪০৪ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেছে। সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নিজ নিজ টিউটোরিয়াল কেন্দ্র থেকে পরীক্ষার ফল জানার জন্য বলা হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি।